



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস

আগ্রাবাদ, চট্টগ্রাম।



তথ্যবিবরণী

নম্বর-৭২/চ

নগরের সরাইপাড়ার শাহ পরান বেকারীকে ১ লক্ষ টাকা সহ  
বিভিন্ন অপরাধে ১২ ব্যক্তিকে ১ লক্ষ ৮০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম, ২১ ভাদ্র, (৫ সেপ্টেম্বর):

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে সরাইপাড়া এলাকায় অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে বেকারী পণ্য উৎপাদন ও বাজারজাত করাসহ কর্মীদের হেলথ ফিটনেস সনদ না থাকায় শাহ পরান বেকারী মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১ লক্ষ টাকা জরিমানা আদায় করা হয়। সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম অভিযানে অংশ নেন।

অভিযানে কাজীর দেউরী, নুর আহমদ সড়ক, এস এস খালেদ রোড ও জামালখান রোডের উভয় পার্শ্বের ফুটপাথ নালা ও রাস্তার অংশ দখল করে দোকান বর্ধিত করা এবং মালামাল ও নির্মাণ সামগ্রী রেখে পথচারী ও যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করায় দেওয়াল, দোকানের বর্ধিত অংশ, স্থাপনা, স্ল্যাব উচ্ছেদ করা হয়। এছাড়া কাজীর দেউরী এস এস খালেদ রোডের ফুটপাথ দখল করে দেওয়াল নির্মাণ করে পথচারী চলাচলে বাধার দায়ে এক ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

এছাড়াও স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর এক অভিযানে নগরীর বহদারহাট হতে সিএলবি মোড় পর্যন্ত আরকান রোডে রাস্তা ও ফুটপাথ দখল করে ব্যবসা করায় প্রতিষ্ঠানের মালামাল ও নির্মাণ সামগ্রী উচ্ছেদ পূর্বক ৯ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৭ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। আদালত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিরাপদ খাদ্য পরিদর্শকের দায়েরকৃত মোকদ্দমায় ১ ব্যক্তিকে ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

সুব্রত/রাজ্জাক, ২১.৪৫ ঘণ্টা, ২০২২